দৈনিক জনকণ্ঠ

DEC. 03 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# অরাজকতা বরদাশত করব না, প্রয়োজনে ছাত্র রাজনীতিই বন্ধ করে দেয়া হবে ॥ প্রধানমন্ত্রী

## হরতাল বন্ধ না করলে আইন করে হরতাল বন্ধ করা হবে ॥ মান্নান ভূঁইয়া



*প্রধানমন্ত্রী খালেদা জিয়া রবিবার অষ্টম জাতীয় সংসদের প্রথম অধিবেশনের সমাপনী দিবসে ভাষণ দেন*

**সংসদ রিপোর্টার** ॥ প্রধানমন্ত্রী ও সংসদ নেতা খালেদা জিয়া বলেছেন, শিক্ষাঙ্গনে হানাহানি ও অরাজকতা চলতে থাকলে ছাত্র রাজনীতি বন্ধ করে দেয়া হবে। তিনি বিশৃঙ্খলা ও অরাজকতা বন্ধ করে সংসদে এসে জনগণের জন্য কাজ করতে বিরোধী দলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, আগেও সহনশীল ছিলাম। এবারও সহনশীল থাকব। কিন্তু কোন অরাজকতা, বিশৃঙ্খলা ও সন্ত্রাস বরদাশত করব না। 'টপ টু বটম' কেউ অন্যায় করলে, কাউকে মাফ দেয়া হবে না। সরকারী বা বিরোধী দলের যেই অন্যায় করবে, কঠোর শাস্তি পেতে হবে। রবিবার জাতীয় সংসদের প্রথম অধিবেশনের সমাপনী বৈঠকে রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে ধন্যবাদ প্রস্তাবের ওপর বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## অরাজকতা বরদাশত

(প্রথম পাতার পর)

কথা বলেন। এ প্রস্তাবের ওপর বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শাহজাহান সিরাজ ও বিরোধী জাতীয় পার্টির (এরশাদ) রওশন এরশাদ রাষ্ট্রপতির ভাষণের সমালোচনা করেছেন। এ ছাড়া ট্রেজারি বেঞ্চের সদস্যরা বরাবরের মতোই আওয়ামী লীগের বিরুদ্ধে বিষোদ্গার করেছেন। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান (গাজীপুরে) প্রধানমন্ত্রীর বিরুদ্ধে জিডি এন্ট্রিকে 'ফাইজলামি' হিসাবে উল্লেখ করে বলেন, এভাবে চলতে থাকলে এটা জঙ্গলের শাসনে পরিণত হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া বলেছেন, সন্ত্রাস হওয়াটা অস্বাভাবিক কিছু নয়। সরকারী প্রশ্রয়ে হওয়াটা দুঃখজনক। (শেখ হাসিনা) যদি হরতাল বন্ধ না করেন, তাহলে আমরা (সরকার) আইন করে হরতাল বন্ধ করতে বাধ্য হব।